

কুয়েটে ক্লাস শুরু হবে ২ সেপ্টেম্বর

খুলনা প্রতিনিধি

২৭ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষা কার্যক্রম ২৫ আগস্ট শুরু হওয়ার কথা থাকলেও বর্তমানে দেশে বন্যা পরিস্থিতির অবনতি এবং ছাত্রদের আবেদনের পরিপ্রেক্ষিতে স্নাতক পর্যায়ের একাডেমিক কার্যক্রম ২ সেপ্টেম্বর থেকে শুরু হবে। রোববার অনুষ্ঠিত ডিন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান এবং পরিচালকের (ছাত্র কল্যাণ) সমন্বয়ে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সমন্বয়সভায় সভাপতিত্ব করেন কুয়েটের দায়িত্বপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ মাছুদ। কুয়েটের জনসংযোগ ও তথ্য শাখার সেকশন অফিসার (গ্রেড-১) শাহেদুজ্জামান শেখ এসব তথ্য জানান।

[সারা দেশ থেকে আরও পড়ুন](#)